Downloaded from: justpaste.it/JailLife

Jail Life

Prison life is such that no one stays well here for long

কারাগার জায়গাটাই এমন,
এখানে বেশিদিন কেউ ভালো থাকে না সবাই ভালো থাকার চেষ্টা করে

এখানে সুস্থ থাকাটা খুব কঠিন
শারীরিক অসুস্থতার থেকে এখানে মানষিক অসুস্থতা সবচেয়ে বেশি পীড়াদায়ক

বিভিন্ন দুচিন্তা যেমন মামলা মোকদ্দমা জামিন পরিবার পরিজন ইত্যাদি বিষয় বন্দী ভাইদের কে সবসময় আচ্ছন্ন করে রাখে

টেনশন না করতে চাইলেও অনেক সময় দুচিন্তা চলে আসে

যা কুরআন তিলাওয়াত ,ইসলামী বিষয়ে অধ্যায়ন ও অতিরিক্ত সালাত আদায়ের মাধ্যমে এ অবস্থা থেকে একমাত্র পরিত্রাণ পাওয়া সম্ভব

আমি অনেক কে দেখেছি যারা কারাগারের জীবনটাকে ইউসুফ আঃ পাঠশালা বানিয়ে নিয়েছে

অনেক ভাইদের কে দেখা যায় সর্বত্র কুরআন তিলাওয়াত ব্যস্ত থাকে কুরআন হিফজ করে
এমনকি অনেক সময়ে কঠোর চেষ্টা সাধনার ফলে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে যায় ইন শা আল্লাহ

অনেক ভাইয়েরা কুরআন হাদীস তাফসীর ও কিতাবাদি অধ্যয়ন করা নিয়ে ব্যস্ত থাকে

যার যে সব বিষয়ে দূর্বলতা থাকে তা সংশোধনের চেষ্টা করতে দেখা যায়

কারাগারে আপনি ইলমী চর্চায় ব্যস্ত না থাকলে বরং কারগারটা আপনার জন্য জুলুম হয়ে যেতে পারে ।

অনেকে কারাগারে মন বসাতে পারে না ফলে কারাগারটা তাদের জন্য প্রচন্ড জুলুম মনে হয় । এর ফলে সে প্রতিনিয়ত ছটফট করতে থাকে

আপনার রিজিকের যদি কিছু অংশ কারাগারে লেখা থাকে
তাহলে সেটাকে তাকদীরের ফয়সালা হিসাবে সন্তুষ্টিচিত্রে গ্রহণ করে নিতে হবে ইনশাআল্লাহ

আল্লাহ'র ফয়সালার উপর ঈমান থাকতে হবে ।

আল্লাহ ভালো মনে করছে বিধায় আপনার ইউসুফ আঃ পাঠশালায় থাকার সুযোগ হয়েছে
হয়ত এর মাধ্যমে আল্লাহ সুবহানাহু তাআলা আপনাকে পরিশুদ্ধ করতে চাই

কারাগারের জীবনকে যারা ইলেম অর্জনের জন্য চেষ্টা সাধনা করেছে

তারাই বরং কারাগারে জীবন থেকে সফলতা অর্জন করেছে
আজকে থাক না এ পর্যন্ত
চলবে ইন শা আল্লাহ ...

📝 ইয়াহিয়া আল ইসলাম